# প্রেস বিজ্ঞপ্তি

## জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ
## বিভিন্ন অপরাধে ৭৯টি প্রতিষ্ঠানকে ৩.৫৬ লক্ষ টাকা জরিমানা

**৫ ডিসেম্বর ২০১৬ খ্রি:**

বাণিজ্য মন্ত্রণালয়াধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের ঢাকা বিভাগীয় কার্যালয় ও বিভিন্ন জেলা কার্যালয়ের ২২ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগর, জামালপুর, কিশোরগঞ্জ, মানিকগঞ্জ, রংপুর, চট্টগ্রাম, বগুড়া, সুনামগঞ্জ, ঝিনাইদহ, বাগেরহাট, নওগাঁ, পাবনা, চাঁদপুর, কুড়িগ্রাম, ভোলা, বরিশাল, নাটোর ও খুলনায় আজ বাজার তদারকি করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক ফাহমিনা আক্তারের নেতৃত্বে ঢাকা মহানগরীর মোহাম্মদপুর এলাকায় মেয়াদ উত্তীর্ণ ঔষধ বিক্রয়ের অপরাধে মেডিসিন কর্ণার ও অনুরাগ ফার্মাকে যথাক্রমে **১০,০০০/- (দশ হাজার)** টাকা ও **১৫,০০০/- (পনের হাজার)** টাকা এবং পণ্যের মূল্যে তালিকা প্রদর্শন না করার অপরাধে টাঙ্গাইল মিষ্টি মেলাকে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকাসহ মোট **৩০,০০০/- (ত্রিশ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক রজবী নাহার রজনীর নেতৃত্বে ঢাকা মহানগরীর দারুস সালাম এলাকায় অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরীর অপরাধে নিউ হোটেল কিছুক্ষণ ও হোটেল নূর এ মোহাম্মদীকে যথাক্রমে **১৫,০০০/- (পনের হাজার)** টাকা ও **৮,০০০/- (আট হাজার)** টাকাসহ মোট **২৩,০০০/- (তেইশ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

ঢাকা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ আব্দুল জব্বার মন্ডল কর্তৃক বাণিজ্য মন্ত্রণালয়ের মোবাইল টিমের সাথে ঢাকা মহানগরীর শ্যামপুর ও যাত্রাবাড়ী এলাকায় পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে আল মদিনা বেকারীকে **২০,০০০/- (বিশ হাজার)** টাকা ও অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরীর অপরাধে বিসমিল্লাহ হোটেল ও আদি বনফুলকে যথাক্রমে **১০,০০০/- (দশ হাজার)** টাকা ও **৫০,০০০/- (পঞ্চাশ হাজার)** টাকাসহ মোট **৮০,০০০/- (আশি হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

জামালপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক দেবানন্দ সিনহার নেতৃত্বে জামালপুর সদর উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **২০,০০০/- (বিশ হাজার)** টাকা, কিশোরগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ ইব্রাহীম হোসেনের নেতৃত্বে কিশোরগঞ্জের কটিয়াদি উপজেলায় **৪টি** প্রতিষ্ঠানকে **১৫,০০০/- (পনের হাজার)** টাকা এবং মানিকগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ মাগফুর রহমানের নেতৃত্বে মানিকগঞ্জের সিঙ্গাইর উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **১০,০০০/- (দশ হাজার)** টাকাসহ মোট **৪৫,০০০/- (পয়তাল্লিশ হাজার)** টাকা অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরী, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয় ও মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয়ের অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

রংপুর বিভাগীয় কার্যালয়ের উপ-পরিচালক খন্দকার মোহাম্মদ নূরুল আমিনের নেতৃত্বে রংপুর সদর উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা, চট্টগ্রাম জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মুহাম্মদ হাসানুজ্জামানের নেতৃত্বে চট্টগ্রামের মিরসরাই উপজেলায় **৪টি** প্রতিষ্ঠানকে **২৮,০০০/- (আটাশ হাজার)** টাকা, বগুড়া জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ শরীফুল ইসলামের নেতৃত্বে বগুড়ার আদমদিঘী উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা, রংপুর বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক মমতাজ বেগমের নেতৃত্বে রংপুর সদর উপজেলায় **১টি** প্রতিষ্ঠানকে **১,০০০/- (এক হাজার)** টাকা, সুনামগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ জাহাঙ্গীর আলমের নেতৃত্বে সুনামগঞ্জ সদর উপজেলায় **৯টি** প্রতিষ্ঠানকে **৯,০০০/- (নয় হাজার)** টাকা, ঝিনাইদহ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সুচন্দন মন্ডলের নেতৃত্বে ঝিনাইদহের মহেশপুর উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **৭,০০০/- (সাত হাজার)** টাকা, বাগেরহাট জেলা কার্যালয়ের সহকারী পরিচালক শিকদার শাহীনুর আলমের নেতৃত্বে বাগেরহাট সদর উপজেলায় **৪টি** প্রতিষ্ঠানকে **১০,০০০/- (দশ হাজার)** টাকা, নওগা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক আব্দুল্লাহ আল মাসুমের নেতৃত্বে নওগাঁ এর বদলগাছি উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **১৮,০০০/- (আঠার হাজার)** টাকা, পাবনা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক এ এস এম মাসুম উদ-দৌলার নেতৃত্বে পাবনার সাথিয়া উপজেলায় **৬টি** প্রতিষ্ঠানকে **১১,০০০/- (এগার হাজার)** টাকা, চাঁদপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক দেবাশীষ রায়ের নেতৃত্বে চাঁদপুরের হাজীগঞ্জ উপজেলায় **৪টি** প্রতিষ্ঠানকে **১৭,০০০/- (সতের হাজার)** টাকা, কুড়িগ্রাম জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ শেখ সাদীর নেতৃত্বে কুড়িগ্রামের চিলমারী উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **৫,৫০০/- (পাঁচ হাজার পাঁচশত)** টাকা, ভোলা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ নাজমুল হোসেনের নেতৃত্বে ভোলার বোরহানউদ্দিন উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **৪,০০০/- (চার হাজার)** টাকা, বরিশাল জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ শাহ শোয়াইব মিয়ার নেতৃত্বে বরিশালের বন্দর থানা এলাকায় **৫টি** প্রতিষ্ঠানকে **৮,৫০০/- (আট হাজার পাঁচশত)** টাকা, নাটোর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ ফারুক হোসেনের নেতৃত্বে নাটোরের বড়াইগ্রাম উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা, খুলনা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক

মোহাম্মদ মামুনুল হাসানের নেতৃত্বে খুলনা সদর উপজেলা ও সোনাডাঙ্গা থানা এলাকায় **৩টি** প্রতিষ্ঠানকে **৩০,০০০/- (ত্রিশ হাজার)** টাকা এবং রংপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক আফসানা পারভীনের নেতৃত্বে রংপুরের বদরগঞ্জ উপজেলা **১টি** প্রতিষ্ঠানকে **৪,৫০০/- (চার হাজার পাঁচশত)** টাকাসহ মোট **১,৬৮,৫০০/- (এক লক্ষ আষট্টি হাজার পাঁচশত)** টাকা অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরী, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, অবহেলা ইত্যাদি দ্বারা সেবা গ্রহীতার অর্থ, স্বাস্থ্য, জীবনহানি ইত্যাদি ঘটানো, সেবার মূল্যের তালিকা সংরক্ষণ ও প্রদর্শন না করা, ওজনে কারচুপি, খাদ্য পণ্যে নিষিদ্ধ দ্রব্যের মিশ্রণ, ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয় ও মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয়ের অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

এছাড়া প্রধান কার্যালয়ের উপ-পরিচালক শাহীন আরা মমতাজ কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে প্রতিশ্রুত পণ্য বা সেবা যথাযথভাবে বিক্রয় বা সরবরাহ না করার অপরাধে সাহারা ট্রপিক্যাল সেন্টারকে **৩,০০০/- (তিন হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ১ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **৭৫০/- (সাতশত পঞ্চাশ)** টাকা প্রদান করা হয়।

প্রধান কার্যালয়ের সহকারী পরিচালক আফরোজা রহমান কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে DROOM ও শর্মা হাউজকে **২,০০০/- (দুই হাজার)** টাকা করে মোট **৪,০০০/- (চার হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ২ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **১,০০০/- (এক হাজার)** টাকা প্রদান করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক রিনা বেগম কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে Grand Prince Thai and Chinese Restaurant ও ভোজন রেস্তোরাকে যথাক্রমে **২,০০০/- (দুই হাজার)** টাকা ও **৫০০/- (পাঁচশত)** টাকাসহ মোট **২,৫০০/- (দুই হাজার পাঁচশত)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ৩ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **৬২৫/- (ছয়শত পঁচিশ)** টাকা প্রদান করা হয়।

আজকের **২২টি** বাজার তদারকির মাধ্যমে **৭৯টি** প্রতিষ্ঠানকে মোট **৩,৫৬,০০০/- (তিন লক্ষ ছাপ্পান্ন হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। আদায়কৃত জরিমানা হতে **৬ জন** অভিযোগকারীকে মং **২,৩৭৫/- (দুই হাজার তিনশত পঁচাত্তর)** টাকা প্রদান করা হয়। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, আর্মড পুলিশ ব্যাটালিয়ান ও জেলা পুলিশ, কৃষি অফিসার, কৃষি তথ্য অফিসার, বাজার কর্মকর্তা, স্যানেটারী ইন্সপেক্টর এবং ক্যাব এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করেন।

স্বাক্ষরিত/-
(মোঃ মাসুম আরেফিন)
সহকারী পরিচালক (তদন্ত)

**অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। মহাপরিচালক, র‌্যাব/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
৩। পুলিশ কমিশনার, ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বরিশাল, সিলেট ও রংপুর মহানগর।
৪। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
৫। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
৬। জেলা প্রশাসক, ঢাকা, জামালপুর, কিশোরগঞ্জ, মানিকগঞ্জ, রংপুর, চট্টগ্রাম, বগুড়া, সুনামগঞ্জ, ঝিনাইদহ, বাগেরহাট, নওগাঁ, পাবনা, চাঁদপুর, কুড়িগ্রাম, ভোলা, বরিশাল, নাটোর ও খুলনা।
৭। পুলিশ সুপার, ঢাকা, জামালপুর, কিশোরগঞ্জ, মানিকগঞ্জ, রংপুর, চট্টগ্রাম, বগুড়া, সুনামগঞ্জ, ঝিনাইদহ, বাগেরহাট, নওগাঁ, পাবনা, চাঁদপুর, কুড়িগ্রাম, ভোলা, বরিশাল, নাটোর ও খুলনা।
৮। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
১০। অধিনায়ক ৫, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।